

মাননীয় উপাচার্যের বাণী

তারিখ: ০৮ মে ২০২০ খ্রি:

শিক্ষা ও সংস্কৃতিতে সমৃদ্ধ অঞ্চল ময়মনসিংহ। ময়মনসিংহ শহরের মাত্র ২০ কিলোমিটার দক্ষিণে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতিধন্য ত্রিশালে ২০০৬ সনের ৯ মে প্রতিষ্ঠিত হয় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। আগামী ৯ মে ২০২০ তারিখ এই মহান প্রতিষ্ঠানের ১৪তম প্রতিষ্ঠাবার্ষিকী।


হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কবি কাজী নজরুল ইসলামকে ভারত থেকে বাংলাদেশে এনে জাতীয় কবির মর্যাদা দিয়েছিলেন। আর জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ত্রিশালে অবস্থান করায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ত্রিশালে প্রতিষ্ঠিত হয়। আমি আমাদের মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতির প্রতি সম্মান জানিয়ে গভীর শ্রদ্ধা নিবেদন করছি। সেই সাথে জাতীয় কবির নামে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরাম, বিভিন্ন সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনসহ গণ্যমাণ্য ব্যক্তিবর্গ যাঁরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভূমিকা রেখেছেন তাঁদের অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করে গভীর শ্রদ্ধা জানাচ্ছি।

খুবই কঠিন সময়ে আমাদের প্রিয় এ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী হতে যাচ্ছে যখন সারাবিশ্বময় ছড়িয়ে পড়েছে করোনা মহামারি। তার উপর বিশ্ববিদ্যালয় পরিবারের একজন মেধাবী শিক্ষার্থী তৌহিদুল ইসলাম খানের মর্মান্তিক হত্যাকাণ্ড আমাদেরকে চরমভাবে ব্যথিত করেছে। এবারের প্রতিষ্ঠাবার্ষিকীতে তাই তার বিদেহী আত্মার প্রতি গভীর শ্রদ্ধা ও তার পরিবারকে সমবেদনা জানাই। সেইসাথে তার খুনীর দৃষ্টান্তমূলক সর্বোচ্চ শাস্তি দাবি করছি। পাশাপাশি আমরা যাতে শীঘ্রই একটি করোনামুক্ত পরিবেশ ফিরে পাই মহান আল্লাহর নিকট সেই প্রার্থনাই করছি।

প্রতি বছরই আমরা এই দিনটিকে সাড়ম্বরের সাথে উদ্‌যাপন করি। তবে বর্তমানে করোনা ভাইরাসের বৈশ্বিক দুর্যোগের কারণে দেশের রাষ্ট্রীয় নির্দেশনাকে সম্মান জানিয়ে আমরাও আমাদের কর্মসূচীগুলো বাতিল করেছি। পরম করুণাময়ের নিকট প্রার্থনা করি বৈশ্বিক এই মহামারী হতে বিশ্ববাসীকে দ্রুত মুক্তি দান করুন। সবাই ঘরে থাকুন, স্বাস্থ্যবিধি ও সরকারী নির্দেশনা মেনে চলুন। সকলের সুস্থ্যতা ও মঙ্গল কামনা করছি। করোনাকাল শেষে সবকিছু স্বাভাবিক হলে বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন প্রকল্পসহ সকল একাডেমিক ও গবেষণা কার্যক্রম আবার নতুন রূপ পাবে- এমনটাই প্রত্যাশা করছি ইনশাআল্লাহ।

খোদা হাফেজ। বাংলাদেশ চিরজীবী হোক। আমাদের মহান প্রতিষ্ঠান জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় চিরজীবী হোক।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু



প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান

উপাচার্য

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ- ২২২৪